



# বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

প্লট # ই-৫/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা

শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।



স্মারক নং-১৪.৩২.০০০০.৪০০.৩০.০০২.২১.১০৭৮

তারিখ : ০৫ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ  
২০ আগস্ট ২০২৩ খ্রিঃ

বিষয়ঃ কম্পিউটার, প্রিন্টার, সিসি টিভি/এক্সেস কন্ট্রোল সিস্টেম এবং আইটি সংশ্লিষ্ট খুচরা যন্ত্রাংশ ক্রয়, সরবরাহ ও মেরামতকারী প্রতিষ্ঠান তালিকাভুক্তিকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বিগত ২৮ এপ্রিল ২০২৩ তারিখে দৈনিক সমকাল এবং The Daily Sun পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তির প্রেক্ষিতে গত ১৫ মে ২০২৩ তারিখে “গ-ক্যাটাগরী” (কম্পিউটার, প্রিন্টার, সিসি টিভি/এক্সেস কন্ট্রোল সিস্টেম এবং আইটি সংশ্লিষ্ট খুচরা যন্ত্রাংশ ক্রয়, সরবরাহ ও মেরামত) কাজের জন্য বিভিন্ন প্রতিষ্ঠানের দাখিলকৃত আবেদন সমূহের মধ্যে নিম্নবর্ণিত প্রতিষ্ঠান সমূহের আবেদন কমিশনের তালিকাভুক্তিকরণ কমিটি কর্তৃক গৃহীত হয়েছে। এরই প্রেক্ষিতে নিম্নবর্ণিত প্রতিষ্ঠান সমূহকে বিটিআরসি’র কম্পিউটার, প্রিন্টার, সিসি টিভি/এক্সেস কন্ট্রোল সিস্টেম এবং আইটি সংশ্লিষ্ট খুচরা যন্ত্রাংশ ক্রয়, সরবরাহ ও মেরামতের নিমিত্তে শর্তসাপেক্ষে তালিকাভুক্ত করা হলো :

নং	প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা
১.	মেসার্স এস.কে. সরদার এন্টারপ্রাইজ ১২/৮/২/১, রোড নং-০২, শ্যামলী, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
২.	ডিজিটাল ইকুইপমেন্ট লিঃ জহির স্মার্ট টাওয়ার (১২ তলা), ২০৫/১/এ, বেগম রোকেয়া স্মারনি, আগারগাঁও, ঢাকা-১২০৭।
৩.	ফাইভ-আর অ্যাসোসিয়েটস ১৯১/এ, হক টাওয়ার (২য় তলা), তেজগাঁও গুলশান লিংক রোড, তেজগাঁও শি/এ, ঢাকা-১২০৮।
৪.	কমটেক নেটওয়ার্ক সিস্টেম (প্রাঃ) লিমিটেড নাসা হাইটস (লেভেল-৩), ৪৭, গুলশান এডিনিউ, গুলশান-১, ঢাকা-১২১২।
৫.	ডিভাইস আইটি জোন ৪৫/এ, নয়া পল্টন, ঢাকা-১০০০।
৬.	এক্সেল টেকনোলজিস লিমিটেড লেভেল-৫, রোড-৭, ব্লক-এফ, বাড়ি-১৩, বনানী, ঢাকা-১২১৩।
৭.	মাহমুদ ইনফো টেক বাশাতি কনডোমিনিয়াম, বাড়ি # ১৫, রোড # ১৭, বনানী সি/এ, ঢাকা-১২১৩।
৮.	স্মল ব্রিজ দোকান # ৩১, লেভেল-৫, শাহ আলী প্রাজা, মিরপুর-১০, ঢাকা-১২১৬।
৯.	বুলিয়ান টেকনোলজিস (বিডি) লিমিটেড সুট # ৪৩, শাহাবুদ্দিন প্রাজা (লেভেল-৩), বাড়ি # ১৩-২৩, রিং রোড, আদাবর, ঢাকা-১২০৭।
১০.	মিজান কনস্ট্রাকশন বাড়ি # ৩১, রোড # ২০, সেক্টর # ১৪, আজমপুর, উত্তরা, ঢাকা-১২৩০।
১১.	ভিআইটি ২৪২ মান্টিপ্রান সেন্টার, ৬৯-৭১ এলিফ্যান্ট রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫।

## শর্তাবলী :

- ১। বর্ণিত প্রতিষ্ঠান সমূহকে ০১ জুলাই ২০২৩ - ৩০ জুন ২০২৫ মেয়াদের জন্য তালিকাভুক্ত করা হলো।
- ২। কমিশনের চাহিদা অনুযায়ী কোটেশন/সীমিত দরপত্র আহবান করা হলে দ্রুত সময়ের মধ্যে তার জবাব প্রদানের বিষয়টি নিশ্চিত করার লক্ষ্যে প্রতিটি প্রতিষ্ঠানকে তাদের ই-মেইল, ফোন, ফ্যাক্স ও দায়িত্বশীল ব্যক্তির নম্বর কমিশনে জমা দিতে হবে।

- ৩। কমিশন কর্তৃক মালামাল ক্রয়/মেরামতের জন্য কোটেশন/সীমিত দরপত্র আহবান করা হলে যথাসময়ে দরপ্রস্তাব দাখিল করতে হবে এবং দরপ্রস্তাব সমূহ মূল্যায়ন পূর্বক কর্তৃপক্ষের অনুমোদন অনুযায়ী কার্যাদেশ প্রদান করা হবে।
- ৪। যে সকল প্রতিষ্ঠান পর পর ০৩ (তিন) বার কমিশনের চাহিদা অনুযায়ী কোটেশন/সীমিত দরপত্র দাখিলে ব্যর্থ হবে সে সকল প্রতিষ্ঠানের তালিকাভুক্তি বাতিল করা হবে।
- ৫। দরপ্রস্তাব দাখিলের পূর্বে কমিশনের কার্যালয়ে এসে চাহিদা/ব্র্যান্ড নিশ্চিত করে দরপ্রস্তাব দাখিল করতে হবে।
- ৬। মালামাল সরবরাহের জন্য দাখিলকৃত দরপ্রস্তাব কমিশন কর্তৃক গৃহীত হলে নির্ধারিত সময়ের মধ্যে মালামাল/যন্ত্রাংশ সরবরাহ/মেরামত করতে হবে।
- ৭। নির্ধারিত সময়ের মধ্যে মালামাল/যন্ত্রাংশ সরবরাহ/মেরামত করতে ব্যর্থ হলে তালিকাভুক্তি বাতিলসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৮। দাখিলকৃত দরপ্রস্তাবে দর অতিমূল্যায়িত/অস্বাভাবিক হলে এবং কোন প্রকার অনিয়ম, অসাধুতা বা কারচুপি অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে সরকারী নিয়ম এবং প্রচলিত আইন মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৯। তালিকাভুক্ত কোন প্রতিষ্ঠান যদি কোথাও কালো তালিকাভুক্ত হয়েছে বলে জানা যায় তাহলে উক্ত প্রতিষ্ঠানের তালিকাভুক্তি বাতিল করা হবে।
- ১০। কার্যাদেশ অনুযায়ী মালামাল সরবরাহ করার পর বিল দাখিল করলে সরকারি বিধি মোতাবেক ক্রসড চেকের মাধ্যমে বিল পরিশোধের ব্যবস্থা করা হবে।
- ১১। সরকারী নিয়ম অনুযায়ী বিল হতে আয়কর/ভ্যাটকর্তণ পূর্বক চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
- ১২। তালিকাভুক্তি সংক্রান্ত সরকারি বিধি-বিধান, সরকারি ক্রয়ের ক্ষেত্রে অন্যান্য সকল নীতিমালা এবং অত্র অফিস কর্তৃক প্রবর্তিত যে কোন নিয়ম ও সিদ্ধান্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠান মেনে চলতে বাধ্য থাকবে।
- ১৩। কর্তৃপক্ষ যে কোন শর্ত পরিবর্তন/পরিবর্তন/সংশোধন করতে পারবে এবং কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন অথবা সকল প্রতিষ্ঠানের তালিকাভুক্তি বাতিল বা মেয়াদ হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে।



মোঃ কামরুল ইসলাম  
পরিচালক (প্রশাসন), বিটিআরসি।

প্রতি

.....  
.....

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

- ১। পরিচালক, অর্থ, হিসাব ও রাজস্ব বিভাগ, বিটিআরসি।
- ২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব/ ভাইস-চেয়ারম্যান ও কমিশনার মহোদয়গণের ব্যক্তিগত কর্মকর্তাগণ, বিটিআরসি (ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। অফিস কপি।